

'এবং মজুয়া' – বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE list- 2022, In  
Arts & Humanities Group sl. no. 79 page 32/106, In Indian Language  
sl. no. 226 page 95/106) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

# এবং মজুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৪ তম বর্ষ, ১৫১ সংখ্যা, জুন, ২০২২

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

# অথর্ব সংহিতানুসারে রোগতত্ত্ববিমর্শ পিঙ্কি পাল

সংক্ষিপ্তসার :

নিবিড় সাহিত্যপাঠের ফলশ্রুতিরূপে শব্দার্থময় শরীরের অভিব্যক্তির সঙ্গে সঙ্গে অন্তর্নিহিত ভাবনার প্রকাশই যেন অধিক মহত্বমণ্ডিত হয়। এই ঐতিহ্যের অনুসরণে বলা যায়, অথর্ব সংহিতার সার্বিক পর্যালোচনা যেন বহুবিধ ভাবনার উৎসস্বরূপ। বেদচতুষ্টয়ের মধ্যে ঋক, সাম, যজু এই বেদত্রয় যজ্ঞমূলক হওয়ায় মোক্ষপ্রাপ্তির কারণস্বরূপ। কিন্তু অথর্ববেদ ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুবর্গের আলোচনায় সমৃদ্ধ। বলা যায়, অথর্ববেদই একমাত্র বেদ যা সকলের সর্বপ্রকার প্রয়োজনসিদ্ধির দ্বারস্বরূপ।

অথর্বসংহিতা আয়ুর্বেদের আকরভূমি। সংকলনের দিক থেকে অবচীন হলেও ঋকবেদীয় ধর্মমূলক সংস্কৃতি অপেক্ষা অথর্বসংহিতায় প্রকাশিত ধর্মমূলক সংস্কৃতি অধিক প্রাচীনত্বকে প্রমাণ করে। বহুবিধ বিষয়ের উত্থাপনের পরিসরে আয়ুর্বেদের আলোচনা অতীব প্রাসঙ্গিক। বিভিন্ন রোগের উৎপত্তি, উৎসর্গ ও উপশমের সচারু আলোচনা যেন স্বতঃসিদ্ধ। পরবর্তীকালে জাত আয়ুঃ বিজ্ঞানের ধারণাসমূহ বস্তুত অথর্ববেদেই নিহিত আছে। অথর্ববেদে রোগতত্ত্ব যেভাবে বিশ্লেষিত হয়েছে, তার প্রভাব বর্তমানেও অনস্বীকার্য।

শব্দসংকেত :

বেদ, আয়ুর্বেদ, রোগ, মন্ত্র, চিকিৎসা বিদ্যা, মোক্ষ

প্রতিপাদ্য বিষয় :

ভূমিকা :

শরীর ও মনের সুস্থতা কর্ম ও সাধনার পথকে সহজতর করে তোলে। আয়ুর্বেদের ভাবনায় পরিপুষ্ট অথর্ববেদের মন্ত্র শারীরিক ও মানসিক সৌন্দর্যকে পরিপূর্ণরূপে বিকশিত করতে সাহায্য করে। আয়ুর্বেদে বিভিন্ন রোগের উদ্ভব ও আরোগ্য লাভের উপায় সুচারুরূপে বর্ণিত আছে। আয়ুর্বেদে বিভিন্ন রোগের উৎস, উপশম ও